JAN. 1 0 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# চাঁদপুর জেলায় দুই শত শিক্ষকের পদশূন্য

চাঁদপুর সংবাদদাতা ।। চাঁদপুর জেলার ৭টি উপজেলায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘ দিন যাবৎ ৩০ জন প্রধান শিক্ষক এবং ১৭০ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রহিয়াছে।

গত নভেম্বরে উক্ত শূন্যপদের জন্য দরখাস্ত আহ্বান করা হইলে ৬৩১টি দরখাস্ত জমা পড়িয়াছে। কিন্তু এই সংবাদ লেখা পর্যন্ত তাহাদের নিয়োগপত্র দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হয় নাই।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, নভেম্বর হইতে জানুয়ারী এই তিন মাসেও বেশ কয়েকজন শিক্ষক অবসর গ্রহণ করিয়াছেন।

শূন্য পদের বিপরীতে যে সমস্ত আবেদন পড়িয়াছে তাহার সংখ্যা নিম্নরূপ : চাঁদপুর সদরে ২২টি শূন্য পদের জন্য ১২৬টি, মতলবে ২৫টি শূন্য পদের জন্য ১৫৩টি, হাজীগঞ্জে ২১০টি শূন্য পদের জন্য ৯৭টি, শাহরাস্তি থানায় ৭টি শূন্য পদের জন্য ৪৬টি, কচুয়া থানায় ২০টি শূন্য পদের জন্য ৮৩টি, ফরিদগঞ্জ থানার ৫৮টি শূন্য পদে ৬৪টি এবং হাইমচর থানায় ২০টি শূন্য পদের জন্য ৬২টি দরখাস্ত জমা পড়িয়াছে।

উল্লেখ্য, এই জেলায় ৭৮৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ২২২টি বেসরকারী রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়, ৮০টি কমিউনিটি এবং ৬১টি সেটেলাইট বিদ্যালয় রহিয়াছে।